উপজেলা পরিষদ কার্যালয়
কুতুবদিয়া, কক্সবাজার
www.kutubdia.coxsbazar.gov.bd

"শেখ হাসিনার দর্শন বাংলাদেশের উন্নয়ন"

## কুতুবদিয়া উপজেলা পরিষদের জুন/২০২২মাসের সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ ফরিদুল ইসলাম চৌধুরী<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া কক্সবাজার |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ,কুতুবদিয়া। |
| তারিখ | : | ২৮.০৬.২০২২ খ্রিস্টাব্দ |
| সময় | : | সকাল ১১.০০ টা |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট'ক ও খ'-তে দ্রষ্টব্য। |

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতির অনুমতি ক্রমে পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার জনাব দীপংকর তঞ্চঙ্গ্যা গত ২৯মে/২০২২ তারিখ অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। বর্ণিত কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় উপস্থিত সকলের সম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

সভার বিস্তারিত অলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃনং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা প্রকৌশলী অফিস:**<br>(ক) উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি জানান যে চলতি ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিল (এডিপি) এর আওতায় মোট ১,১০,৯২,০০০.০০ টাকা বরাদ্দ প্রাপ্তির অনুকূলে সমাপ্ত কাজের বিপরীতে ১,১০,৬৬,৩১৪.০০ টাকা ব্যয় হয়েছে । | (১) স্কীমের কাজ সন্তোষজনক ভাবে ১০০% ভাগ সমাপ্ত হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয় এবং ১,১০,৬৬,৩১৪.০০ টাকার ব্যয় সর্বসম্মতভাবে অনুমোদন করা হলো । | উপজেলা প্রকৌশলী এলজিইডি, কুতুবদিয়া |
| | খ) উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের মৌখিক নির্দেশক্রমে উপজেলা চেয়ারম্যান অফিসের বাউন্ডারী ওয়াল রংকরন কাজ প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে সমাপ্ত করা হয়েছে । সমাপ্ত কাজের অনুকূলে উপজেলা রাজস্ব তহবিল হতে মোট ৬১,০৯০.০০ টাকা ব্যয় করা হয়েছে মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয় । | উপজেলা চেয়ারম্যান অফিসের বাউন্ডারীওয়াল রং করন কাজের অনুকূলে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়িত ৬১,০৯০.০০ টাকা সর্বসম্মতভাবে অনুমোদন করা | উপজেলা প্রকৌশলী এলজিইডি, কুতুবদিয়া |
| | গ) জাইকার অর্থায়নে ৪র্থ পর্যায়ের আওতায় (১) উত্তর ধুরুং ইউনিয়নের আকবরবলীর ঘাটে পাবলিক টয়লেট নির্মান কাজ সমাপ্ত হয়েছে । কাজের ঠিকাদার সমাপ্ত কাজের অনুকলে ১৫,৬৪,১৯৯.০০ টাকার ১ম ও চুড়ান্ত বিল পাওয়ার জন্য আবেদন দাখিল করেন (২) কুতুবদিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ডিজিটাল এক্স-রে মেশিন ও হেভী ডিউটি জেনারেটর মেশিন সরবরাহ কাজ সমাপ্তির পর্যায়ে রয়েছে। (৩) গাউছিয়া আদর্শ দাখিল মাদ্রাসা উন্নয়ন কাজের অনুকূলে পুনঃ দরপত্র আহ্বান করা হয়েছে । | (গ-১) উত্তর ধুরুং ইউনিয়নের আকবরবলীর ঘাটে পাবলিক টয়লেট নির্মান কাজের অনুকূলে (ভ্যাট ও আইটি)=১৫,৬৪,১৯৯.০০টাকার বিল পরিশোধের নিমিত্তে প্রয়োজনীয় অর্থ ছাড় করার জন্য বিল/ভাউচার সহ প্রয়োজনীয় কাগজপত্রাদি প্রকল্প পরিচালক, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, ঢাকা মহোদয় বরাবর প্রেরন করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো ।<br>(গ-২) কুতুবদিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ডিজিটাল এক্স-রে মেশিন ও হেভী ডিউটি জেনারেটর মেশিন সরবরাহের কাজ সহসা সমাপ্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো।<br>(গ-৩) গাউছিয়া আদর্শ দাখিল মাদ্রাসা উন্নয়ন কাজের অনুকূলে যথাযথ নিয়ম | (গ-১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/ইউডিএফ, কুতুবদিয়া ।<br>(গ-২) উপজেলা প্রকৌশলী<br>(গ-৩) উপজেলা প্রকৌশলী |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | অনুসরন করে কার্যাদেশ প্রদানের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো | |
| | ঘ) জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ম্যুরাল নির্মান কাজ প্রাক্কলন অনুসারে সমাপ্ত হয়েছে কিন্তু সৌন্দর্য্য বর্ধনের জন্য ম্যুরালের সিডির টাইলস ও ব্রিক ওয়ার্ক এর কাজ করা প্রয়োজন । উক্ত কাজের প্রাক্কলনে প্রভিশনাল সাম হিসাবে ৫৩,২৩৩.৬৯ টাকা অন্তর্ভুক্ত আছে । সম্ভাব্য অতিরিক্ত কাজ প্রভিশনাল সাম বাবত নির্ধারিত ৫৩,২৩৩.৬৯ টাকার মধ্যে সমাপ্ত করা সম্ভব হবে বিধায় প্রাক্কলিত মুল্যের মধ্যে সীমাবদ্ধ রেখে ৬,৫০,০০০.০০টাকার রি-কাষ্ট প্রাক্কলন প্রস্তুত করে সভায় উপস্হাপন করা হয় । | (১-ঘ) জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ম্যুরাল নির্মান কাজের সৌন্দর্য্য বর্ধনের গুরুত্ব অনুধাবন করে উপস্হাপিত ৬,৫০,০০০.০০ টাকার রি-কাষ্ট প্রাক্কলন সর্বসম্মতভাবে অনুমোদন করা হলো । রি-কাষ্ট প্রাক্কলন অনুসারে স্কীমের কাজ যথানিয়মে সমাপ্ত করার ব্যবস্হা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, কুতুবদিয়া । |
| | ঙ) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় আনসার সদস্যদের আবাসন ভবন নির্মান কাজ ১০০% সমাপ্ত হওয়ায় ঠিকাদারকে গ্রস=১৪,২৪,৬৯৯.০০ টাকা চুড়ান্ত বিল পরিশোধ করা হয়েছে । | (১-ঙ) স্কীমের কাজ সন্তোষজনক ভাবে সমাপ্ত হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয় এবং ব্যয় অনুমোদন করা হলো । | উপজেলা প্রকৌশলী, কুতুবদিয়া |
| ০২ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস:**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে জানান যে, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরের অধীনে গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা) ও গ্রামীন অবকাঠামো রক্ষনাবেক্ষণ (টিআর) এর কাজ সুষ্ঠুভাবে সমাপ্ত হয়েছে। তিনি আরো জানান, উপজেলা কমপ্লেক্স হলরুমে সাউন্ড সিস্টেম ক্রয়ের বিষয়ে জেলা পরিষদ হতে ২,০০,০০০/- টাকার বরাদ্দ পাওয়া গিয়েছে । প্রাপ্ত বরাদ্দের বিপরীতে প্রকল্পের কাজ দ্রুত সমাপ্ত করা হবে মর্মে সভাকে অবহিত করেন। গৃহীত প্রকল্পের কাজ ১০০% বাস্তবায়নের নিমিত্ত উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সম্মতিক্রমে ০৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। এ বিষয়ে তিনি বিস্তারিত আলোচনা করেন এবং গঠিত কমিটি অনুমোদনের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ১) উপজেলা কমপ্লেক্স হলরুমে সাউন্ড সিস্টেম সরবরাহ এবং স্থাপনের বিষয়ে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>২) উপজেলা কমপ্লেক্স হলরুমে সাউন্ড সিস্টেম সরবরাহ এবং স্থাপনের বিষয়ে গঠিত ০৫ সদস্য কমিটি সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ০৩ | **উপজেলা স্বাস্থ্য ও প:প: অফিস:**<br>উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা জানান, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। অত:পর তিনি জুন/২০২২ মাসের প্রতিবেদন নিম্নমতে সভায় উপস্থাপন করেন।<br>শিশুটিকা-৩৯৮ এবং অর্জিত হার ১০৬%, পেন্টা ১ম ডোজ-৪১৪, অর্জনের হার-১১১%, ২য় ডোজ-৪০৬, অর্জিত হার-১১০%, ৩য় ডোজ-৪১৬, অর্জনের হার-১১৬%, হাম অর্জিত সংখ্যা-৪০৬, হার-১১০%।<br>তিনি আরো জানান, বহি: বিভাগে পুরুষ-১৪০৪জন, মহিলা-২২৩২জন, শিশু-২৭১২জনসহ সর্বমোট রোগী-৬৩৪৮জন। এছাড়াও অন্ত বিভাগে মোট রোগী-১৯৩০ জনের মধ্যে পুরুষ-১৩২জন, মহিলা-৭৪৩জন,শিশু-১০৫৫জন রোগী। তিনি বলেন জরুরী বিভাগে চিকিৎসাপ্রাপ্ত রোগীর সংখ্যা-৯১১জন। এর মধ্যে পুরুষ-২৩২জন, মহিলা-২৯৭জন,শিশু-৩৮২জন। শয্যা ব্যবহারের<br>হার-১২৯% এবং হাসপাতালে মৃত রোগীর সংখ্যা-০১জন। তিনি প্রসবপূর্ব চেকআপ-৩৪৮জন, নিরাপদ প্রসব-৪১টি এবং প্রসব পরবর্তী চেকআপ-১১৯টি মর্মে সভাকে অবহিত করেন।<br>তিনি আরো জানান, কুতুবদিয়া হাসপাতালে মোবাইল সেবা দেয়া হয়েছে-৬৫জন এবং মাইনর সার্জারী করা হয়েছে-২২১ জনকে। তিনি স্বাস্থ্য শিক্ষা কার্যক্রমের মধ্যে হাসপাতালে ৮টি সভা করা হয়েছে ০৮টি সভার মধ্যে পুরুষ-২৯৩জন এবং মহিলা-৩২৪জন অংশগ্রহণ করেছেন মর্মে সভাকে অবহিত করেন।<br>তিনি আরো জানান কমিউনিটি ক্লিনিকে এ পর্যন্ত ৬৭১২জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। এছাড়াও কোভিড-১৯ সংক্রমন রোধে সভার তারিখ পর্যন্ত ১ম ডোজ-৯৪৩৩৫জন, ২য় ডোজ-৯০৪৬৫জন এবং ৭৩০২জনকে ৩য় ডোজ টিকা প্রদান করা হয়েছে। | ক) কোভিড-১৯ সংক্রমন রোধে টিকা কার্যক্রম সরকারী নির্দেশনা মতে ধারবাহিকভাবে অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়<br>খ) হাসপাতালের চিকিৎসা কার্যক্রম ও সেবার মান বৃদ্ধির বিষয়ে সংশ্লিষ্ট চিকিৎসকদের প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা |
| ০৪ | **উপজেলা কৃষি অফিস:** | জমিতে পোকামাকড়/রোগ বালাই | উপজেলা কৃষি কর্মকর্তা |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, ২০২২-২৩ মৌসুমে ১৮০০ হেক্টর আবাদের লক্ষ্যমাত্রা রয়েছে। তৎপ্রেক্ষিতে আবাদ কার্যক্রম চলমান রয়েছে। তিনি আবাদকৃত আউশ ধানে পার্চিং এবং বালাই দমন ব্যবস্থাপনা অব্যাহত আছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি গ্রীষ্মকালীন শাক সব্জী চাষে অন্তবর্তীকালীন পরিচালনা অব্যাহত আছে মর্মেও সভাকে অবহিত করেন। এছাড়া ২০২২-২৩ মৌসুমে আউশ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হয়েছে এবং রাসায়নিক সারের মজুদ সন্তোষজনক মর্মে তিনি সভাকে জানান। | রোগে ও সার ব্যবস্থাপনা এবং জমিতে সেচ কার্যক্রম নিয়মিত মাঠ পর্যায়ে পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৫ | **<u>উপজেলা মৎস্য অফিস:</u>**<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অংশ নিয়ে জানান যে, ২০মে হতে ৩০জুলাই পর্যন্ত মোট ৬৫ দিন বঙ্গোপসাগর এবং উপকূলীয় এলাকায় সকল প্রকার যান্ত্রিক, অযান্ত্রিক নৌযান, ফিশিং বোট দ্বারা সকল প্রকার মাছ, চিংড়ী ও ক্রাষ্টাশিয়ান আহরন সম্পূর্ণরূপে বন্ধে জেলেদের অবহিত করা হয়েছে এবং এ বিষয়ে সকল প্রকার কার্যক্রম অব্যাহত রয়েছে। এই নিষিদ্ধকালীন সময়ে জেলেদের জন্য খাদ্য  সহায়তা কর্মসূচীর আওতায় জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২ উদযাপন উপলক্ষ্যে দেশের মৎস্য সম্পদ সংরক্ষণ, সম্প্রসারণ ও উন্নয়নে জনগণের ব্যাপক অংশগ্রহণ নিশ্চিতকল্পে টেকসই প্রযুক্তিভিত্তিক মৎস্য চাষ ও ব্যবস্থাপনা সম্পর্কিত কার্যক্রম জোরদার করার লক্ষ্যে প্রতিবছরের ন্যায় এ বছরও আগামী ২৩-২৯জুলাই/২০২২ খ্রিঃ পর্যন্ত জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২ উদযাপন করা হবে। এ বছরের শ্লোগান " নিরাপদ মাছে ভরব দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ।" | ২০মে হতে ৩০জুলাই পর্যন্ত সকল প্রকার মৎস্য আহরন বন্ধে জেলেদের অবহিত করা হয়েছে এবং এ বিষয়ে অভিযান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা |
| ০৬ | **<u>উপজেলা প্রাণী সম্পদ অধিদপ্তর</u>**<br>উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা সভায় অংশ নিয়ে জানান যে, ২০মে ২০২২খ্রি: ঈদ উল আযহা উপলক্ষ্যে কোরবানীর হাটে গবাদী পশুর হাট মনিটরিং করার জন্য দুইটি ভেটেরিনারি মেডিকেল টিম গঠন করা হয়। গঠিত টিম দুটি গবাদি পশু নিয়ে আসা খামারীদের সহযোগিতা করার জন্য সার্বক্ষনিক নিয়োজিত থাকবেন। উক্ত দপ্তরের প্রতিনিধি কোরবানীর পশুর বাজার মনিটরিং করার নিমিত্ত মেডিক্যাল টিম দুটির জন্য বসার একটি নির্দিষ্ট আসনের ব্যবস্থা করার জন্য সভাপতির মাধ্যমে বাজার ইজারাদারের সহযোগিতা কামনা করেন। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান রয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | ক) চিকিৎসার জন্য আনীত গবাদী পশুর চিকিৎসা কার্যক্রম ধারবাহিকভাবে অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) কোরবানীর পশুর বাজার মনিটরিং করার নিমিত্ত মেডিক্যাল টিম দুইটির জন্য বসার একটি নির্দিষ্ট আসনের ব্যবস্থা করার বিষয়ে সংশ্লিষ্ট বাজার ইজারাদার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | ক) উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা<br>খ) সংশ্লিষ্ট বাজার ইজারাদার |
| ০৭ | **<u>উপজেলা সমাজসেবা অফিস:</u>**<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি সভায় অংশ নিয়ে জানান যে, অসহায় দরিদ্র জনগোষ্ঠীর জীবন মান উন্নয়নের জন্য বিভিন্ন স্কীমের বিপরীতে দলগতভাবে সুদমুক্ত ঋণ দিয়ে থাকে যা ঋণ গ্রহীতাদের সাথে লিখিত চুক্তিপত্র অনুযায়ী এক বছরের মধ্যে পরিশোধ করার কথা। কিন্তু কিছু কিছু ঋণ গ্রহীতা ঋণের টাকা পরিশোধে অনীহা প্রকাশ করছে যা অত্যন্ত দুঃখজনক। তিনি সভার সভাপতি এবং উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে অফিসার ইনচার্জ, কুতুবদিয়া থানার সহযোগিতা কামনা করেন। এছাড়া ২০২১-২২ অর্থবছরে জন্মগত হৃদরোগ, থ্যালাসামিয়া এবং প্যারালাইসিস এর ২৩ জন রোগীর আবেদনের প্রেক্ষিতে প্রতিজনকে ৫০,০০০ টাকা করে ১১,৫০,০০০/- টাকা বিতরণ করা হয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন । তিনি আরো জানান জেলা সমাজকল্যান পরিষদ হতে বিভিন্ন রোগের চিকিৎসা, ঘর মেরামত এবং শিক্ষা খাতে মোট ৪৪ জনকে ২,৮০,০০০/- টাকা এককালীন অনুদান প্রদান করা হয়েছে। এছাড়া তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। | বিভিন্ন ভাতা কার্যক্রম ১০০% ভাগ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ০৮ | **<u>উপজেলা শিক্ষা অফিস:</u>**<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা পর্যায়ে আন্তঃ ক্রীড়া অনুষ্ঠান ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। তিনি বর্তমান মাসে সহকারী উপজেলা শিক্ষা অফিসার এবং উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক ০৫টি করে মোট ১০টি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। তিনি বলেন গ্রীষ্মকালীন ছুটিতে ১১জন শিক্ষককে শ্রান্তি বিনোদনভাতা প্রদান করা হয়েছে এবং ২৮/০৬/২০২২খ্রিঃ হতে গ্রীষ্মকালীন ছুটিতে সকল প্রাথমিক বিদ্যালয় বন্ধ থাকবে মর্মে সভাকে অবহিত করেন। এছাড়াও তাঁর দাপ্তরিক | প্রাথমিক বিদ্যালয়ের পাঠদান কার্যক্রম নিয়মিত পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |

CS CamScanner

<table>
<tr><td></td><td>অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td></td><td></td></tr>
<tr><td>৯</td><td><u>(ক) উপজেলা পরিবার পরিকল্পনা অফিস:</u><br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারের প্রতিনিধি সভায় অংশ নিয়ে জুন/২০২২ মাসের দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতি সভায় নিম্নমতে উপস্থাপন করেন।<br>ক) মোট সক্ষম দম্পতি-২৪৯৬৫জন (খ) মোট পদ্ধতি গ্রহীতা-২০২০১জন (গ)সিএআর-৭৭.৮৯% (ঘ) নিবন্ধিত মোট গর্ভবতীর সংখ্যা-১৪২২জন (ঙ) পদ্ধতিভিত্তিক জন্ম নিয়ন্ত্রন গ্রহণকারীর মধ্যে (১) খাবার বড়ি-৮৮৯০জন (২) কনডম-৭৮৮৬জন (৩) ইনজেকশন-৭৭৮২জন (৪) আইইউডি-৪৩২জন এবং চলতি মাসে নতুন গ্রহীতা-৩৬জন (৫)ইমপ্ল্যান্ট-২৫২৬জন চলতিমাসে মাসে নতুন গ্রহীতা-০০জন (৬) স্থায়ী পদ্ধতি (পুরুষ)-৬৫৪জন চলতিমাসে নতুন গ্রহীতা-৫৬৪জন (৭) স্থায়ী পদ্ধতি (মহিলা)-৯৯৬জন চলতিমাসে নতুন গ্রহীতা-০০জন।<br>তিনি আরো জানান, বিবেচ্য মাসে সাধারণ-৩২৮৪জন রোগীর মধ্যে পুরুষ-১০৫৮জন এবং মহিলা-১৮২০জনকে সেবা প্রদান করা হয়েছে। এছাড়াও গর্ভকালীন-১০৬০জন, গর্ভোত্তর-১১৫জনকে সেবা প্রদান করা হয়েছে এবং নবজাতক জন্মের সংখ্যা ৭০জনের মধ্যে প্রশিক্ষণ প্রাপ্ত দ্বারা-৩৫ এবং প্রশিক্ষণহীন ১০টি।<br>তিনি আরো জানান মার্চ মাসে সর্বমোট ২০২৭টি শিশুসেবা প্রদান করা হয়েছে এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে স্বাভাবিক প্রসব সংখ্যা-৯৮টি মর্মে সভাকে অবহিত করেন।<br>(খ) পরিবার পরিকল্পনা বিভাগের স্থায়ী ও দীর্ঘ মেয়াদী কার্যক্রমে ব্যবহৃত ৩টি কক্ষটি স্বাস্থ্য বিভাগ কর্তৃক সম্প্রতি ভেঙ্গে ফেলার কারনে বিভাগীয় কার্যক্রম পরিচালনায় বিঘ্ন হচ্ছে বিধায় বিষয়টি সভার দৃষ্টি আকর্ষণ করেন।<br>(গ) উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের যাতায়াতের রাস্তায় দেওয়াল ও লকার সিস্টেম গেইট নির্মান করায় অত্র কার্যালয়ের যাতায়াতে সমস্য সৃষ্টি হচ্ছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। বিষয়টি তিনি সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।</td><td>ইউনিয়ন পর্যায়ে স্বাস্থ্য সেবা কার্যক্রমের গতি বাড়ানো লক্ষ্যে ইউনিয়ন স্বাস্থ্য কর্মীদের প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানসহ নিয়মিত পরিদর্শনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার</td></tr>
<tr><td>১০</td><td><u>উপজেলা পল্লী উন্নয়ন অফিস :</u>
<table>
<tr><td>ক্র:নং</td><td>কার্যক্রম</td><td>বর্ষিক লক্ষ্যমাত্রা</td><td colspan="3">অগ্রগতি</td></tr>
<tr><td></td><td></td><td></td><td>মাসে</td><td>বছরে</td><td>ক্রমবর্ধিত</td></tr>
<tr><td>০১</td><td>সমিতি/দল গঠন</td><td>১০ টি</td><td>০২</td><td>১১ টি</td><td>১৮২টি</td></tr>
<tr><td>০২</td><td>সদস্য ভর্তি</td><td>২৮১ জন</td><td>২৩</td><td>১৭৫জন</td><td>৪১০০জন</td></tr>
<tr><td>০৩</td><td>শেয়ার আদায়</td><td>০.৫৬</td><td>০.০৩</td><td>০.২১</td><td>১০.৬১</td></tr>
<tr><td>০৪</td><td>সঞ্চয় আদায়</td><td>৪.৭২</td><td>০.৫৯</td><td>৩.৯০</td><td>৩৫.৮৯</td></tr>
<tr><td>০৫</td><td>ঋণ বিতরণ</td><td>১১৮.০০</td><td>৬.৫৮</td><td>৩৩.৩৭</td><td>৮১৬.৯৩</td></tr>
<tr><td>০৬</td><td>ঋণ আদায়</td><td>১২৮.৫২</td><td>৫.০৯</td><td>৩৩.১৪</td><td>৬৭০.৯০</td></tr>
<tr><td>০৭</td><td>প্রশিক্ষণ প্রদান</td><td>১৪০জন</td><td>--</td><td>১১০জন</td><td>১০৩০জন</td></tr>
<tr><td>০৮</td><td>বর্ষিক সভা সম্পাদন</td><td>৮৫টি</td><td>০২টি</td><td>৪৩টি</td><td>--</td></tr>
<tr><td>০৯</td><td>নির্বাচন সম্পাদন</td><td>২০টি</td><td>০২টি</td><td>১৩টি</td><td>--</td></tr>
<tr><td>১০</td><td>অডিট সম্পাদন</td><td>৮৫টি</td><td>০৩টি</td><td>৩০টি</td><td>--</td></tr>
<tr><td>১১</td><td>প্রদর্শনী খামার</td><td>১২টি</td><td>--</td><td>১২টি</td><td>১৮টি</td></tr>
<tr><td>১২</td><td>বীজ ও চারা বিতরণ</td><td>৪০-২৭০</td><td>--</td><td>৪০টি</td><td>১৪০জন</td></tr>
<tr><td>১৩</td><td>খানা জরিপ</td><td>২০০টি</td><td>--</td><td>৫৮০টি</td><td>১০৩৬টি</td></tr>
</table></td><td>সভায় নিয়মিত উপস্থিত থেকে দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতির বিষয় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা</td></tr>
<tr><td>১১</td><td><u>উপজেলা মহিলা বিষয়ক অফিস:</u><br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় অংশ নিয়ে জানান যে, জুন/২০২২ খ্রি: মাসে দু:স্থ মহিলা উন্নয়ন কর্মসূচীর আওতায় ০৬টি ইউনিয়নে ১৭৬১জন কার্ডধারীদের মধ্যে ৫২.৮৩০মে:টন চাল সুষ্ঠুভাবে বিতরণ সম্পন্ন হয়েছে।<br>তিনি আরো জানান আয়বর্ধক প্রশিক্ষণ কর্মসূচীর বিপরীতে ০২টি ট্রেডে ১০০ জন প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম শেষ হয়েছে এবং পরবর্তীতে আরো ১০০জন প্রশিক্ষণার্থীদের ০২টি ব্যাচের আবেদন গ্রহণ করা হয়েছে। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক মর্মে সভাকে অবহিত করেন।</td><td>সভায় নিয়মিত উপস্থিত থেকে দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতির বিষয় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা</td></tr>
<tr><td>১২</td><td><u>উপজেলা যুব উন্নয়ন অফিস:</u><br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, তাঁর দপ্তরের</td><td>দাপ্তরিক কার্যক্রম এবং ঋণের কিস্তি আদায়ের প্রতিবেদন প্রত্যেক মাসিক সভায় দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা</td></tr>
</table>

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| | কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | | |
| ১৩ | **উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস:**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, পর্যাপ্ত খাদ্য শস্য গুদামে মজুদ আছে। তিনি খাদ্য গুদামের সাথে সংশ্লিষ্ট রাস্তা সংকীর্ণ বিধায় খাদ্যশস্য আনয়ন এবং পরিবহনে সমস্যা সৃষ্টি হচ্ছে। তাই তিনি গুদাম সংশ্লিষ্ট রাস্তা সম্প্রসারণ করার বিষয়ে সভাপতির মাধ্যমে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান আছে মর্মে তিনি সভায় জানান। | খাদ্য শস্য পরিবহনের সুবিধার্থে এলজিইডি'র রাস্তা মেরামতের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১৪ | **বিদ্যুৎ উন্নয়ন বোর্ড :**<br>আবাসিক প্রকৌশলী (বিউবো), কুতুবদিয়া সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায় নি। | মাসিক সভায় নিয়মিত উপস্থিত থেকে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | আবাসিক প্রকৌশলী (বিউবো), কুতুবদিয়া |
| ১৫ | **বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো) :**<br>উপ-সহকারী প্রকৌশলী (বাপাউবো), কুতুবদিয়া সভায় জানান যে, ইতোপূর্বে বিভিন্ন সাধারণ সভায় উপস্থাপিত প্রস্তাবনা বাস্তবায়নের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে। প্রস্তাবনা ব্যতীত যে সমস্ত ঝুকিপূর্ণ জায়গা যদি থেকে থাকে তাও মেরামতের বিষয়ে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভাকে অবহিত করেন। | মাসিক সভায় নিয়মিত উপস্থিত থেকে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-বিভাগীয় প্রকৌশলী,(বাপাউবো) কুতুবদিয়া |
| ১৬ | **পল্লী সঞ্চয় ব্যাংক:**<br>ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় অংশ নিয়ে জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি আরো জানান, বর্তমান মাস পর্যন্ত ৬৮লক্ষ ৮০ হাজার টাকা ঋণ এবং ৪লক্ষ ৮৮হাজার টাকা সঞ্চয় আদায় এবং ৭২লক্ষ টাকার ঋণ বিতরণ করা হয়েছে। | ঋণ বিতরণ এবং আদায়ের ধারা অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ১৭ | **তথ্য আপা প্রকল্প:**<br>তথ্য আপা কর্মকর্তা জানান, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান আছে। এছাড়াও বিবেচ্য মাসে তথ্য সেবা কর্মকর্তা কর্তৃক ০৪টি উঠোন বৈঠক সম্পাদিত হয়েছে মর্মে সভাকে জানান। এছাড়া বিভিন্ন ধরনের সচেতনতামূলক প্রচার প্রচারণা চলমান রয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | দাপ্তরিক কার্যক্রম এবং উঠোন বৈঠক নিয়মিত করণসহ বীর মুক্তিযোদ্ধাদের সমন্বয়ে উঠোন বৈঠক করার বিষয়ে সংশ্লিষ্টদের সাথে পরামর্শক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৮ | **পল্লী জীবিকায়ন প্রকল্প (পজীপ):**<br>অনুপস্থিত | শেয়ার, সঞ্চয়, ঋণ বিতরণ এবং আদায় সংক্রান্ত তথ্য মাসিক সভায় নিয়মিত উপস্থিত থেকে সভাকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পজীপ কর্মকর্তা |
| ১৯ | **উপজেলা আনসার ও ভিডিপি অফিস:**<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভাকে জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান আছে। তিনি আরো জানান গত ২৬/০৫/২০২২ খ্রি: তারিখ উপজেলার আনসার সমাবেশ/২০২২ সফলভাবে সম্পন্ন করা হয়েছে। উক্ত সমাবেশে অতিথি বৃন্দদের ক্রেষ্ট প্রদান এবং ০৩ভিডিপি দলনেতাকে সেবামূলক কার্যক্রমের পুরষ্কার স্বরূপ প্রতিজনকে একটি করে সাইকেল প্রদান করা হয়েছে। উক্ত সমাবেশে ২০০জন আনসার ভিডিপি সদস্য উপস্থিত ছিল এবং উপস্থিত সকলকে ৪৫০/- টাকা হারে সম্মানীভাতা প্রদান করা হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে সংশ্লিষ্টদের দিকনির্দেশনা দেয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| ২০ | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প:**<br>ইউডিএফ জামাল সভায় অংশ নিয়ে জানান যে, ৩য় পর্যায়ে নির্মনাধীন অবকাঠামোর কাজ ইতোমধ্যে শেষ হয়েছে। ৩য় রাউন্ডের অবকাঠামোর বিল টিকাদারকে পরিশোধ করার লক্ষ্যে তিনি বিস্তারিত আলোচনা করেন। এছাড়া ৪র্থ রাউন্ডের হাসপাতালে ডিজিটাল এক্সরে মেশিন স্থাপনের কাজ দ্রুত শেষ করার জন্য তাগাদা প্রদান করা হয় এবং আলী আকবর ডেইল ঘাটের পাবলিক গণ-শৌচাগার নির্মান কাজের চুড়ান্ত বিল ঢাকা প্রেরণের বিষয়েও তিনি বিস্তারিত আলোচনা করেন। | চলমান প্রকল্পের কাজ শতভাগ বাস্তবায়ন এবং ৩য় রাউন্ডের কাজের বিল পরিশোধ এবং ৪র্থ রাউন্ডের বিল ঢাকা প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট ঠিকাদার এবং ইউডিএফ, কুতুবদিয়া |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | **ক) উপজেলা পরিষদ:**<br>উপজেলা পরিষদের গঠিত ১৭টি কমিটি বিগত সভায় অনুমোদন দেয়া হয় এবং গঠিত কমিটির কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলোচনান্তে গঠিত ১৭টি কমিটির কার্যক্রম সুচারুভাবে সম্পাদন করার লক্ষ্যে ১৭টি কমিটির সকল সদস্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন | সংশ্লিষ্ট সকল কমিটির সদস্য |
| | খ) বাসা বরাদ্দ/বাসা ভাড়া আদায়<br>উপজেলা পরিষদের নিয়ন্ত্রনাধীন আবাসিক কোয়ার্টার ও ডরমেটরী ভবনের ভাড়া নিয়মিত আদায় এবং বরাদ্দছাড়া কর্মকর্তা/কর্মচারীদের নামে বরাদ্দ প্রদানসহ বকেয়া ভাড়া আদায়ের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় | আবাসিক কোয়ার্টার ও ডরমেটরী ভবনের ভাড়া নিয়মিত আদায় এবং বরাদ্দছাড়া কর্মকর্তা/কর্মচারীদের নামে বরাদ্দ প্রদানসহ বকেয়া ভাড়া আদায়ের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ২২ | **উন্মুক্ত আলোচনা:**<br>১) জনাব আব্দুল হালিম, চেয়ারম্যান উত্তর ধুরুং ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তাঁর ইউনিয়নের মিয়ারকাটা এলাকার সড়কের টেন্ডার হয়েছে। কিন্তু কাজ এখনো শুরু হয়নি। বর্ষা মৌসুমের পূর্বে কাজ সম্পন্ন করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতির মাধ্যমে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। তিনি মিয়ারকাটা এলাকার বেড়িবাঁধ বর্ষা মৌসুমে ভেঙ্গে যাওয়ার আশংকা থাকায় মেরামতের বিষয়ে সভাপতির মাধ্যমে উপ বিভাগীয় প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ডের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি প্রকৃত জেলে সম্প্রদায়কে তালিকায় অন্তর্ভূক্ত করার বিষয়ে সভাপতির মাধ্যমে উপজেলা মৎস্য কর্মকর্তার দৃষ্টি আকর্ষন করেন। তাঁর ইউনিয়নের জরাজীর্ণ কমিউনিটি স্বাস্থ্য ক্লিনিক সংস্কারসহ ডাক্তার পদায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন।<br>২) জনাব আলাউদ্দিন আল আজাদ, চেয়ারম্যান, দঃ ধুরুং ইউপি সভায় অংশ নিয়ে জানান, তাঁর ইউনিয়নে সরকারী প্রাথমিক বিদ্যালয় নির্মানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন এবং এ বিষয়ে উপজেলা শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। পাশাপাশি তিনি বাজার ব্যবস্থাপনা কমিটি পুন:গঠনের বিষয়েও সভায় বিস্তারিত আলোচনা করেন। তিনি দক্ষিণ ধুরুং ইউনিয়নে চৌকিদার সংকটের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন এবং বিধিমোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন।<br>৩) জনাব মোঃ আজমগীর মাতবর, চেয়ারম্যান কৈয়ারবিল ইউপি সভায় অংশ নিয়ে জানান যে, প্রকৃত জেলেদের স্মার্টকার্ড প্রদানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন এবং উপজেলা মৎস্য কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। পাশাপাশি তিনি সুপেয় পানি সরবরাহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য এর দৃষ্টি আকর্ষন করেন। তিনি কৈয়ারবিল ক্রসড্যাম খাল খননের বিষয়ে সভাপতির মাধ্যমে উপ-বিভাগীয় প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ডের দৃষ্টি আকর্ষণ করেন।<br>৪) জনাব আবুল কালাম, চেয়ারম্যান বড়ঘোপ ইউপি জানান যে, জেলে সম্প্রদায়ের বিগত সময়ে প্রণীত তালিকাটি অসামঞ্জস্যপূর্ণ এবং অনিয়ম হয়েছে। এ বিষয়ে তিনি বিস্তারিত আলোচনা করেন এবং এ বিষেয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট দপ্তরেকে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের নিমিত্ত সভার সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।<br>৫) জনাব মো: জাহাঙ্গীর আলম সিকদার, চেয়ারম্যান, আলী আকবর ডেইল সভায় বর্ষা মৌসুমের পূর্বে বেড়িবাঁধ এবং জেটিঘাট মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অনুরোধ জানান। এছাড়া মৎস্য অধিদপ্তরের অধীনে প্রণীত জেলে তালিকা পুনঃ যাচাইয়ের বিষয়ে সভাপতির মাধ্যমে উপজেলা মৎস্য কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন।<br>৬) উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, সভায় আলোচিত বিষয়ে গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়ন করে প্রতিবেদন দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | ১) মিয়ারকাটা এলাকার সড়কের টেন্ডারকৃত রাস্তার কাজ দ্রুত সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) মিয়ারপাড়া এলাকার বেড়িবাঁধ আসন্ন বর্ষা মৌসুমে পূর্বে মেরামতের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩) শ্যালো টিউবওয়েল স্থাপনের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪) জেলে সম্প্রদায়ের প্রণীত তালিকা পুন: যাচাইয়ের ব্যবস্থা গ্রহণের জন্য সুযোগ থাকলে তা যাচাইয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৫) বর্ষা মৌসুমের পূর্বে বেড়ি বাঁধ ও জেটিঘাট মেরামতের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) উপজেলা প্রকৌশলী<br>২)উপ-বিভাগীয় পানি উন্নয়ন বোর্ড<br>৩) উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য<br>৪) উপাজেলা মৎস্য কর্মকর্তা<br>৫) উপ-বিভাগীয় প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড |

CamScanner

...ায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষনা করেন।

( মোঃ ফরিদুল ইসলাম চৌধুরী )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
কুতুবদিয়া, কক্সবাজার

স্মারক নং:৪৬.৪২.২২৪৫.০০০.০৬.০০১.২০২২-৯৭

তারিখ:-২৮/০৬/২০২২খ্রি:।

**অনুলিপি : সদয় অবগতির জন্য:**

০১। মাননীয় সংসদ সদস্য-২৯৫, কক্সবাজার-২, সংসদীয় আসন, কক্সবাজার
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,
পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪। জেলা প্রশাসক, কক্সবাজার।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

০১। জনাব মোঃ ফরিদুল ইসলাম চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া, কক্সবাজার।
০২। জনাব হুমায়ুন কবির হায়দার, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া।
০৩। জনাবা হাছিনা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া।
০৪। চেয়ারম্যান.......................(সকল), ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া, কক্সবাজার।
০৫। উপজেলা ..................................কর্মকর্তা, কুতুবদিয়া, কক্সবাজার।
০৬। সংরক্ষিত মহিলা সদস্য, আসন-১/আসন-২, উপজেলা পরিষদ, কুতুবদিয়া, কক্সবাজার।
০৭। জনাব..................................কুতুবদিয়া, কক্সবাজার।
০৮। অফিস কপি।

২৮/০৬/২২

(দীপংকর তঞ্চঙ্গ্যা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কুতুবদিয়া, কক্সবাজার

CS CamScanner

সভার তারিখঃ ২৭/০১/২০২২; ২৮/০২/২০২২; ২৮/০৩/২০২২; ২৮/০৪/২০২২; ২৯/০৫/২০২২;
২৮/০৬/২০২২; ৩১/০৭/২০২২; ৩১/০৮/২০২২; ২৯/০৯/২০২২

মাসিক সভার হাজিরা রেজিস্টার

| ক্রম | নাম ও পদবী | স্বা: তারিখ 27/01/22 | স্বা: তারিখ 28/02/22 | স্বা: তারিখ 28/03/22 | স্বা: তারিখ 28/04/22 | স্বা: তারিখ 29/05/22 | স্বা: তারিখ 28/06/22 | স্বা: তারিখ 31/07/22 | স্বা: তারিখ 31/08/22 | স্বা: তারিখ 29/09/22 |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১. | ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, কুতুবদিয়া | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | X | [illegible] | [illegible] | [illegible] |
| ০২. | মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, কুতুবদিয়া | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৩. | চেয়ারম্যান, উত্তর ধুরুং ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৪. | চেয়ারম্যান, দক্ষিণ ধুরুং ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৫. | চেয়ারম্যান, লেমশীখালী ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৬. | চেয়ারম্যান, কৈয়ারবিল ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৭. | চেয়ারম্যান, বড়ঘোপ ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৮. | চেয়ারম্যান, আলী আকবর ডেইল ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |

মাসিক সভার হাজিরা রেজিস্টার

| ক্রম | নাম ও পদবী | স্বা: তারিখ 27/01/22 | স্বা: তারিখ 28/02/22 | স্বা: তারিখ 28/03/22 | স্বা: তারিখ 28/04/22 | স্বা: তারিখ 29/05/22 | স্বা: তারিখ 28/06/22 | স্বা: তারিখ 31/07/22 | স্বা: তারিখ 31/08/22 | স্বা: তারিখ 29/09/22 |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১. | উপজেলা নির্বাহী অফিসার, কুতুবদিয়া | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০২. | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, কুতুবদিয়া | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৩. | উপজেলা কৃষি কর্মকর্তা, কুতুবদিয়া | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৪. | উপজেলা মৎস্য কর্মকর্তা, কুতুবদিয়া | [illegible] | [illegible] | [illegible] | X | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৫. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুতুবদিয়া | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৬. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কুতুবদিয়া | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৭. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কুতুবদিয়া | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৮. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কুতুবদিয়া | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৯. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কুতুবদিয়া | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ১০. | উপজেলা শিক্ষা কর্মকর্তা, কুতুবদিয়া | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |

সভার তারিখঃ ২৭/০১/২০২২; ২৮/০২/২০২২; ২৮/০৩/২০২২; ২৮/০৪/২০২২; ২৯/০৫/২০২২; ২৮/০৬/২০২২; ৩১/০৭/২০২২; ৩১/০৮/২০২২; ২৯/০৯/২০২২

